# পঞ্চম উপজেলা পরিষদের ৪২ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ
তারিখ : ১০ নভেম্বর ২০২২
সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক এবং খ-তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কানাইঘাট, সিলেট |
| ২ | স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা | আলোচনাকালে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির মধ্যে কোন আলোচনা বা সুপারিশ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা যায়নি। | স্থায়ী কমিটির সভা নিয়মিত আহবান করতে হবে। | ভাইস চেয়ারম্যান মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ৩ | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি অগ্রগতির জন্য উপস্থাপন | আলোচ্য মাসে নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি না পাওয়ায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন ও বিধি না পাওয়ায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ৪ | মাননীয় উপদেষ্টার পরামর্শের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | আলোচ্য মাসে মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ৫ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ইতোমধ্যে ৪৮,৭০০ জন ছাত্র/ছাত্রীকে ১ম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল), কানাইঘাট, সিলেট |
| ৯ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইন-চার্জ, কানাইঘাট থানা সভায় জানান যে, কানাইঘাট থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিকসহ তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ৬ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। আলোচনাকালে চেয়ারম্যান, ৩নং দিঘীরপাড় পূর্ব ইউপি সভায় জানান যে, তাঁর ইউপির ফরিদ উদ্দিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনসমূহ পুরাতন ও জরাজীর্ণ থাকায় বিদ্যালয়ে পাঠদান কার্যক্রমে বিঘ্ন ঘটছে। ফলে নতুন ভবন নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(খ) ফরিদ উদ্দিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, কানাইঘাট, সিলেট |
| ৮ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | (ক) উপজেলা প্রকৌশলী জানান, ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর খাতওয়ারি বিভাজন পূর্বক বর্ণিত বিভাজনের আলোকে প্রকল্প তালিকা দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষন করেন।<br><br>(খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন সিলেট-গাছবাড়ী-কানাইঘাট রোডের ৩২.৪৪৪ মিটার | (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকল্প তালিকা জরুরী ভিত্তিতে দাখিল করতে হবে।<br><br>(খ) সিলেট-গাছবাড়ী-কানাইঘাট রোডের ৩২.৪৪৪ মিটার চেইনেজে পুরাতন ব্রীজটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; মুখ্য নির্বাহী কর্মকর্তা; উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান (সকল); কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চেইনেজে ২০ মিটার লম্বা গার্ডার ব্রীজ নির্মানের লক্ষ্যে পুরাতন ব্রীজটি নিলামের প্রস্তাব করেন।<br><br>(গ) আলোচনাকালে উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, জুন ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার বিবিধ অনুচ্ছেদ (গ)-এ বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক ইউটিডিসি-১ ভবনের (পুরাতন প্রশাসনিক ভবন) ২য় তলায় অবস্থিত ওয়াশরুম মেরামত/সংস্কার প্রকল্পের পরিবর্তে টি রুম কক্ষটির মেরামত/সংস্কার প্রকল্প নামে সংশোধন পূর্বক বাস্তবায়নের প্রস্তাব করেন।<br><br>(ঘ) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের ওয়াশরুম ও উপজেলা নির্বাহী অফিসের টি রুম মেরামত/সংস্কার এবং উপজেলার পরিষদের সার্বিক নিরাপত্তা বিধানের লক্ষ্যে উপজেলা পরিষদের প্রবেশমুখে একটি প্রধান গেইট ও উপজেলা পরিষদ আবাসিক এলাকার অভ্যন্তরে অবস্থিত হাসপাতাল অভিমুখে একটি গেইট নির্মাণ; মূখ্য নির্বাহী কর্মকর্তার জন্য একটি ল্যাপটপ ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিসের জন্য প্রিন্টারসহ একটি ডেস্কটপ কম্পিউটার উপজেলা রাজস্ব তহবিল হতে ক্রয়ের প্রস্তাব করেন। | নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(গ) উপস্থাপিত সংশোধিত প্রকল্প প্রস্তাব অনুমোদন করা হয় এবং উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়ন করতে হবে।<br><br>(ঘ) উপস্থাপিত প্রকল্পসমূহ অনুমোদন করা হয় এবং জরুরী ভিত্তিতে উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়ন করতে হবে। | |
| ৯ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বন্যায় ক্ষতিগ্রস্থ ১২০০ কৃষককে ইতোমধ্যে সবজি বীজ বিতরণ করা হয়েছে। এছাড়া কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ২২৫০ জন কৃষকের মাঝে সার ও বীজ বিনামুল্যে বিতরনের লক্ষ্যে অগ্রাধিকার তালিকা তৈরীর কাজ চলমান রয়েছে। তিনি ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, কানাইঘাট, সিলেট |
| ১০ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১২ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১৩ | দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, আশ্রয়ণ প্রকল্প-৩ এর আওতায় চতুর্থ পর্যায়ে বরাদ্দকৃত ১৮ টি ঘরের মধ্যে ৮ টি ঘরের কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ১০ টি ঘরের কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১৪ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার উপস্থিত প্রতিনিধি পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১৫ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১৬ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১৭ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ১৮ | পল্লী বিদ্যুৎ সমিতি-২ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর উপস্থিত প্রতিনিধি তার বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি-২, কানাইঘাট, সিলেট |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | তথ্য আপা প্রকল্প | তথ্য আপা কর্মকর্তার উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, অক্টোবর ২০২২ মাসে ৭০০ জন মহিলাকে সেবা দেয়ার পাশাপাশি ডোর-টু-ডোর ২৫ জন মহিলাকে সেবা দেয়া হয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | তথ্য আপা প্রকল্প, কানাইঘাট, সিলেট |
| ২০ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, জাতীয় যুব দিবসে ১০ জন যুব/যুব মহিলাদের মধ্যে ৪,৩০,০০/- টাকার ঋণ বিতরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২২ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কানাইঘাট, সিলেট |
| ২৩ | খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্য বান্ধব ওএমএস কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কানাইঘাট, সিলেট |
| ২৪ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ২৫ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারী দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্ধতন কর্তৃপক্ষকে অবহিত করণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ জানান। আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, কানাইঘাট উপজেলার বিভিন্ন প্রশাসনিক টায়ারে তথ্য প্রদানকারী ইউনিটের সংখ্যা ৩৪ টি। তন্মধ্যে তথ্য প্রদান ইউনিটসমূহে এ পর্যন্ত নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ১৭ টি এবং ১৭ জন কর্মকর্তা ইতোমধ্যে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ শেষে সনদপত্র গ্রহণ করেছেন। অন্যান্য কর্মকর্তাগণকে জরুরী ভিত্তিতে অনলাইন কার্যক্রম গ্রহণ পূর্বক সনদপত্রের কপি দাখিলের জন্য অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে।<br><br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সকল সরকারী/ বেসরকারী দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, কানাইঘাট, সিলেট |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান , জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ১৮ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ১৫ টি এবং ২১৪ টি মামলা অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির অনুরোধ জানানো হয়। | (ক) কোন সালের কতটি মামলা অনিষ্পন্ন রয়েছে তার চিত্র উল্লেখ পূর্বক মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৮ | বন বিভাগ | (ক) আলোচনাকালে বিট কর্মকর্তা সভায় জানান যে, কানাইঘাট উপজেলার বিভিন্ন রাস্তায় ও বাঁধে রোপিত চারাগুলো স্থানীয় জনগণের গরু, মহিষ দ্বারা বিনষ্ট করে যাচ্ছে। তিনি আরো জানান যে, মুলাগুল ও ডাউকেরগুল | (ক) বনাঞ্চলে রোপিত গাছ চুরি ও চারা বিনষ্টের প্রবণতা রোধে স্থানীয় জনসাধারণকে সচেতন করতে হবে। | বিট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানবৃন্দ, কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ক্যাম্পের বনাঞ্চলে রোপিত গাছ চুরির প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। ফলে রোপিত চারা ও বনাঞ্চল রক্ষায় স্থানীয় জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে ইউপি চেয়ারম্যানবৃন্দের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>(খ) আলোচনাকালে চেয়ারম্যান, রাজাগঞ্জ ইউপি সভায় জানান যে, তাঁর ইউপির জামেয়া ইসলামিয়া আল মুতলিব খয়নুন্নেছা শারকুল মাদ্রাসার গেইটের পাশে ও মাদ্রাসার ভেতরে একটি গাছ এবং রাজাগঞ্জ শাহী ঈদগাহে উত্তর পাশে বুরহান উদ্দিন রাস্তায় ঝড়ে উপচে পড়া ও মরা গাছগুলো কর্তন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের প্রস্তাব করেন। | (খ) ঝড়ে উপচে পড়া ও মরা গাছগুলো কর্তনের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২৯ | উপজেলা পরিষদের কর্মচারী নিয়োগ | আলোচনাকালে সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের পরিচ্ছন্নতাকর্মী জনাব বুবেল চন্দ্র দাস এর প্রবাস গমনের কারণে ১ অক্টোবর ২০২২ হতে পরিচ্ছন্নতাকর্মীর পদটি শূন্য রয়েছে। ফলে উপজেলা পরিষদের পরিচ্ছন্নতা কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। পাশাপাশি উপজেলা পরিষদে মালি পদে কর্মরত জনাব বদর উদ্দিন এর কার্যক্রম সন্তোষজনক না হওয়ায় তাকে মালি পদ হতে অব্যাহতি দিয়ে পরিচ্ছন্নতাকর্মী হিসেবে এবং উপজেলা পরিষদের পাম্পচালক পদে অস্থায়ীভাবে কর্মরত জনাব সাজ্জাদ আহমদ হাসানকে মালি পদে নিয়োগের প্রস্তাব করা হয়।তাছাড়া পাম্পচালক পদে জনাব লিটন চন্দ্র দাস, পিতা বিরেশ চন্দ্র দাস, গ্রাম- রায়গড়, কানাইঘাট, সিলেট-কে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের প্রস্তাব করা হয়। | (ক) জনাব সাজ্জাদ আহমদ হাসান, পিতা মো: ফুরকান আলী, গ্রাম বালাউট, জকিগঞ্জ, সিলেট-কে মালি পদে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) জনাব বদর উদ্দিন, পিতা আব্দুস সামাদ, গ্রাম-রায়গড়, কানাইঘাট, সিলেট-কে পরিচ্ছন্নতাকর্মী পদে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) লিটন চন্দ্র দাস, পিতা বিরেশ চন্দ্র দাস, গ্রাম- রায়গড়, কানাইঘাট, সিলেট-কে পাম্পচালক পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ৩০ | বিবিধ | সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা; (গ) পাম্প চালক ও মালির বেতন-ভাতা; (ঘ) উপজেলা পরিষদের আপ্যায়ন ব্যয় ও আনুষাঙ্গিক ব্যয় (ঙ) উপজেলা জামে মসজিদের সেফটি ট্যাংকি পরিষ্কারকরন; মহান বিজয় দিবস ২০২২ উদযাপন বাবদ ৫০,০০০ টাকা; উপজেলা পরিষদের গ্যাস সিলিন্ডারের বিল ১৮,৮৫০ টাকা; উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত খাত হতে সম্মেলনকক্ষের ব্যানার বোর্ড স্থাপন ১৪,৩২০ টাকা; সম্মেলনকক্ষের ওয়াশরুমের দরজা মেরামত/সংস্কার ১২,৮০০ টাকা ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের জন্য Honour Board স্থাপন বাবদ ২২,৮০০ টাকা; অফিস সরঞ্জাম খাত হতে কম্পিউটার ও প্রিন্টার মেরামত; উপজেলা পরিষদের ঝোপঝাড় পরিষ্কারকরণ বাবদ ৪০,৫০০ টাকা ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহ করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী, কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

CamScanner

২৫ কার্তিক ১৪২৯

স্মারক নম্বর : ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২১.১২৮ ————— ১০ নভেম্বর ২০২২

১। মাননীয় সংসদ সদস্য ২৩৩ সিলেট- ৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা ---------------------------------কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান, ------------------------------ ইউ/পি (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব----------------------------------- কানাইঘাট, সিলেট

১০/১১/২২

সুমন্ত ব্যানার্জি
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কানাইঘাট, সিলেট

CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সুমন্ত ব্যানার্জি | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব লুৎফুর রহমান | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব খাদিজা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা)উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো ঃ আবু তাহীর | চেয়ারম্যান,০৪ নং সাতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব আব্দুল মালিক চৌঃ | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব আকতার উদ্দিন আহমেদ | চেয়ারম্যান,০ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো ঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ ঝিংগাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডাঃ তনয় কুমার বর্মণ | প্রতিনিধি উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোঃ এমদাদুল হক | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ সফিকুল হক ভুইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ আব্দুল অদিদ | প্রতিনিধি অফিসার ইনচার্জ, কানাইঘাট থানার, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোঃ আবু হালিকা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব গোপাল চন্দ্র সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মোঃ তারিকুল ইসলাম | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোঃ জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব জি.এম.সেলিম রেজা | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোঃ কামাল উদ্দিন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব উজ্জল ভট্টাচার্য্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মনিরুজ্জামান | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব জয়নুল ইসলাম | উপজেলা বিট কর্মকর্তা.কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মো ঃ কামরুজ্জামান | প্রতিনিধি ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ এর,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মোহাম্মদ হারুনুর রশীদ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব নাজনা হক | উপজেলা তথ্য আপা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মোঃ ফারুক আহমদ | ইউএফডি,উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প,কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |

## পরিশিষ্ট "খ"

### সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট |
| ০২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট |
| ০৩ | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৪ | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৬ | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৭ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৮ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৯ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |

CamScanner